

■■ সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউভেশন)

হাদিস নাম্বারঃ ৫৩৭৬

8৯/ সাজসজ্জা (کتاب الزينة)

পরিচ্ছেদঃ ১২৩. চেয়ারে বসা

الْجُلُوسُ عَلَى الْكَرَاسِيّ

আরবী

أَخْبَرَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ عَنْ سُلَيْمَانَ بْنِ الْمُغِيرَةِ عَنْ حُمَيْدِ بْنِ هِلَالٍ قَالَ قَالَ أَبُو رِفَاعَةَ انْتَهَيْتُ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ يَخْطُبُ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ مَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ يَخْطُبُ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ صَلَّى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَتَرَكَ خُطْبَتَهُ حَتَّى انْتَهَى إِلَيَّ فَأْتِيَ بِكُرْسِيِّ خِلْتُ قَوَائِمَهُ حَدِيدًا فَقَعَدَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَتَرَكَ خُطْبَتَهُ عَلَيْهِ وَسَلَّمَ فَجَعَلَ يُعَلِّمُنِي مِمَّا عَلَمُهُ اللَّهُ ثُمَّ أَتَى خُطْبَتَهُ فَاَتُمَّهُا فَأَتَى مِمَّا عَلَمَهُ اللَّهُ ثُمَّ أَتَى خُطْبَتَهُ فَأَتَمَهُمَا اللَّهُ ثُمَّ أَتَى خُطْبَتَهُ فَأَتَمَهُمَا اللَّهُ ثُمَّ اللَّهُ ثُمَّ أَتَى خُطْبَتَهُ فَأَتَمَهُمَا

বাংলা

৫৩৭৬. ইয়াকূব ইবন ইবরাহীম (রহঃ) ... ভ্মায়দ ইবন হিলাল (রহঃ) থেকে বর্ণিত যে, আবু রিফাআ (রাঃ) বলেছেন, আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত হলাম। তখন তিনি খুতবা দিচ্ছিলেন। আমি বললামঃ ইয়া রাসূলাল্লাহ্! একজন মুসাফির এসেছে এবং সে তার দীন সম্বন্ধে জিজ্ঞাসা করছে। সে জানে না তার দীন কি? তখন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম খুতবা বন্ধ করে আমার দিকে এগিয়ে আসলেন। একখানা চেয়ার আনা হলো, আমার যতটুকু মনে পড়ে, তার পায়াসমূহ ছিল লোহার। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম তার উপর উপবেশন করলেন। তারপর তিনি আমাকে শিক্ষা দিতে লাগলেন, আল্লাহ্ তা'আলা তাকে যা শিক্ষা দেন তা হতে। এরপর তিনি খুতবায় ফিরে গেলেন এবং তা শেষ করলেন।

English

It was narrated that Humaid bin Hilal said:

"Abu Rifa'ah said: 'I came to the Messenger of Allah [SAW] while he was delivering a Khutbah, and said: "O Messenger of Allah, a stranger has come to ask about his religion, for he does not know what his religion is." The Messenger of Allah [SAW] stopped delivering his Khutbah and turned to me.



A chair was brought, and I think its legs were of iron. The Messenger of Allah [SAW] sat down on it and started to teach me what Allah has taught him, then he went and completed his Khutbah.'

ফুটনোট

তাহক্বীকঃ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ হুমায়দ ইবন হিলাল (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন